তারিখ ... 03. MAR. 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ....

আমাদের সময়

# সাউথইস্ট ইউনিভার্সিটির উদ্যোগে ঢাকায় এমএসএমই সম্মেলন

নিজস্ব প্রতিবেদক ●

সাউথইস্ট ইউনিভার্সিটির উদ্যোগে ঢাকায় অনুষ্ঠিত হবে 'ডেভেলপমেন্ট অব মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাজেস (এমএসএমই) ইন বাংলাদেশ : শেয়ারি এশিয়ান এক্সপেরিয়েন্স' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন। এ বিশ্ববিদ্যালয়ের.ক্যাম্পাসে ৫-৬ মার্চ ২০১৬, দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনে যোগ দেবে বাংলাদেশ, ভারত, চিন, মালয়েশিয়া, শ্রীলংকা, নেপাল, পাকিস্তান ও থাইল্যান্ড। বিশ্ববিদ্যালয় মিলনায়তনে গতকাল এক সংবাদ সম্মেলনে সাউথইস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেন এ তথ্য জানান।

এ সময় উপ-উপাচার্য প্রফেসর ড. হুমায়ুন কবীর চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. আব্দুল হাকিম, বিভিন্ন অনুষদের ডিনসহ জ্যেষ্ঠ শিক্ষকরা উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে ইউনিভার্সিটির উপাচার্য জানান, এমএসএমইবিষয়ক এ আন্তর্জাতিক সম্মেলনে দেশি-বিদেশি এমএসএমই বিশেষজ্ঞ, নীতিনির্ধারক, পেশাজীবীরা ৭টি সেশনে অংশ নিয়ে প্রায় ২০টির অধিক প্রবন্ধ উপস্থাপন করবেন।